**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
***Website: www.bb.org.bd***

তারিখ ঃ ২৫ জুলাই ২০১৯ / ১০ শ্রাবণ ১৪২৬

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**পাট শিল্পখাতের বকেয়া ঋণ ব্লক হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।**

১। উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২৯ নভেম্বর ২০১৮ তারিখের স্মারক নং-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮-৩০৪ (কপি সংযুক্ত) এর নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হ'ল।

২। আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত স্মারকের সকল অনুচ্ছেদে 'ব্যাংক' এর স্থলে 'আর্থিক প্রতিষ্ঠান' গণ্য হবে এবং উক্ত স্মারকের অনুচ্ছেদ নং-(ছ) এ বিআরপিডি সার্কুলার নং-১৫, তারিখ ২৩-০৯-২০১২ এর স্থলে এফআইডি সার্কুলার নং-০২, তারিখ-০৫/০৩/২০০৭ এর নির্দেশনা প্রযোজ্য হবে।

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
নীতি ও আর্থিক প্রণোদনা শাখা
www.fid.gov.bd

নথি নম্বর-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮-৩০৪

তারিখঃ ১৫ অগ্রহায়ণ ১৪২৫ / ২৯ নভেম্বর ২০১৮

**বিষয়: পাট শিল্পখাতের বকেয়া ঋণ ব্লক হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।**

সূত্রঃ ০১। বাংলাদেশ ব্যাংকের পত্র নং-বিআরপিডি(এফআই)২৬০(গ)/২০১৮-১৫৬৩, তারিখ ২৭-০২-২০১৮ (কপি সংযুক্ত)
০২। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পত্র নং: ২৪.০০.০০০০.১১৮.০২.০০৮.২০১৩-১৯৮ তারিখ: ১৭-০৪-২০১৭ (কপি সংযুক্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে পাট শিল্পখাতের বকেয়া ঋণ ব্লক হিসাবে স্থানান্তরের লক্ষ্যে সরকার নিম্নরূপ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) পাটখাতের প্রতিটি কেসের গুণাগুণ বিবেচনায় নিয়ে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে ব্যাংক ঋণের সুদ/মুনাফা ও আবশ্যকীয় ক্ষেত্রে আসল বা এর অংশবিশেষ (৩১-১০-২০১৮ ভিত্তিক) Block Account-এ স্থানান্তরপূর্বক ২(দুই) বছরের মরাটরিয়াম সুবিধাসহ ১০(দশ) বছরে পরিশোধের সুবিধা প্রদান করতে হবে;

(খ) ব্লক একাউন্টে স্থানান্তরিত ঋণের উপর Cost of Fund হারে সুদ আরোপ করতে হবে;

(গ) ঋণঝুঁকি নিরসন কৌশলের আওতায় Need Based প্রক্রিয়ায় ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে জামানত গ্রহণ/পুনঃমূল্যায়ন করতে হবে;

(ঘ) ব্লক সুবিধা প্রাপ্ত ঋণের পরিশোধসুচি অনুযায়ী পর পর ৪(চার)টি কিস্তি অর্থাৎ ১ বছর (শুধুমাত্র পাট শিল্পের জন্য বিশেষ বিবেচনায়) অর্থ পরিশোধে ব্যর্থ হলে প্রদত্ত সুবিধা বাতিল হয়ে প্রচলিত সুদহারে ও প্রচলিত নিয়মে ঋণ আদায়যোগ্য হবে মর্মে শর্তারোপ করতে হবে;

(ঙ) ইতোপূর্বে ব্লক সুবিধা গ্রহণকারী ঋণগ্রহীতাগণ এবং ব্যবসায় ক্ষতিগ্রস্ত হয়ে যাদের ঋণ অনিয়মিত ও শ্রেণীবিন্যাসিত হয়েছে তাদেরকেও এ সুবিধার আওতাভুক্ত করার বিষয়টি বিবেচনা করতে হবে;

(চ) পাটখাতের জন্য প্রবর্তিত বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীম (Refinance Scheme) এর আওতায় প্রদত্ত ঋণসহ বিশেষ সুবিধা সম্বলিত ঋণ (যেমন-প্যাকিং ক্যাশ ক্রেডিট/পিসিসি ঋণ) এর জন্য উক্ত ব্লক সুবিধা প্রযোজ্য হবে না এবং সুবিধা সম্বলিত ঋণ বকেয়া থাকা অবস্থায় কোন ঋণের জন্য ব্লক সুবিধা বিবেচনা করা যাবে না মর্মে শর্তারোপ করতে হবে;

(ছ) পাটখাতের ঋণগ্রহীতাদের ঋণ হিসাবের জন্য ব্লক সুবিধা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৫ তারিখ ২৩-০৯-২০১২ মোতাবেক প্রযোজ্য ডাউন্ট পেমেন্ট গ্রহণ এবং নতুন ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে ন্যূনতম জমা গ্রহণের বিষয়টি ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংক নিজেই নির্ধারণ করবে;

(জ) ঋণ হিসাবগুলি ব্লক একাউন্টে স্থানান্তর হয়ে গেলে বিচারাধীন এ সংক্রান্ত চলমান মামলাগুলো সোলেনামার মাধ্যমে উভয় পক্ষ কর্তৃক নিষ্পত্তি করার বিধান রাখতে হবে।

২৯.১১.২০১৮

(মৃত্যুঞ্জয় সাহা)
উপসচিব
ফোন-৯৫৭৬০৪০
ই-মেইলঃ niti@fid.gov.bd

**গভর্নর**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
**(দৃঃ আঃ মহাব্যবস্থাপক, বিআরপিডি)।**

চলমান পাতা-২

D:\Letter

১৫ অগ্রহায়ণ ১৪২৫

নথি নম্বর-৫৩.০০.০০০০.৩৩১.৩৬.০০২.১৮-৩০৪ তারিখঃ -------------------

২৯ নভেম্বর ২০১৮

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

(১) সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা [(দৃঃ আঃ পরিচালক, ১১(প্রতিকল্প)]
(২) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
(৫) চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন, আদমজী কোর্ট, এনেক্স-১, ১১৫-১২০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
(৬) চেয়ারম্যান, বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন, আদমজী কোর্ট, প্রধান ভবন (৫ম তলা), ১১৫-১২০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
(৭) চেয়ারম্যান, বাংলাদেশ জুট এসোসিয়েশন, বিজিএ ভবন, ৭৭, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

(মৃত্যুঞ্জয় সাহা)
উপসচিব